



## মায়ের কফিনের পাশে তারেক রহমানের কুরআন তেলাওয়াত



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মরদেহ তার ছেলে তারেক রহমানের বাসভবনে পৌঁছেছে। মায়ের কফিনের পাশে বসে কুরআন তেলাওয়াতে সময় কাটাচ্ছেন তারেক রহমান।

বুধবার (৩১ ডিসেম্বর) সকাল ৯টার কিছু আগে জাতীয় পতাকায় মোড়ানো মরদেহবাহী গাড়িতে ঢাকার এভারকেয়ার হাসপাতাল থেকে গুলশানের উদ্দেশে রওনা দেওয়া হয় বেগম খালেদা জিয়ার মরদেহ। পরে সেটি তারেক রহমানের বাসায় নেয়া হয়। সেখানে পরিবারের সদস্যদের মধ্যে তার কন্যা জাইমা রহমানসহ ঘনিষ্ঠ স্বজনরা উপস্থিত রয়েছেন। পাশাপাশি বিএনপির শীর্ষ নেতৃবৃন্দ ও নেতাকর্মীরাও সেখানে অবস্থান করছেন।

এর আগে মঙ্গলবার ভোর ৬টার দিকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন সাবেক এই প্রধানমন্ত্রী। তার মৃত্যুতে দেশজুড়ে শোকের আবহ বিরাজ করছে।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানিয়েছেন, আজ বুধবার (৩১ ডিসেম্বর) দুপুর ২টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় বেগম খালেদা জিয়ার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। জানাজার জন্য মানিক মিয়া অ্যাভিনিউর পশ্চিম প্রান্তে কফিন রাখা হবে। সংসদ ভবনের ভেতরের মাঠ, বাইরের এলাকা এবং পুরো মানিক মিয়া অ্যাভিনিউ জানাজা আদায়ের জন্য প্রস্তুত করা হয়েছে।